

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬৮৯(আগরতলা ২৫।০১)  
আগরতলা, ২৫ জানুয়ারি, ২০২৪

প্রজাতন্ত্র দিবস উপলক্ষে রাজ্যপালের শুভেচ্ছা

প্রজাতন্ত্র দিবস উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাথু ত্রিপুরাবাসীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। এক শুভেচ্ছাবার্তায় রাজ্যপাল বলেন, ‘আমাদের দেশের জন্য এই দিনটি বিশেষ গুরুত্বপূর্ণ। ১৯৪৯ সালের ২৬ নভেম্বর সংবিধান ভারতের গণপরিষদে গৃহীত হয়। ১৯৫০ সালের ২৬ জানুয়ারি ভারতের সংবিধান কার্যকর হয়। ভারতীয় নাগরিকদের জন্য সাম্য ও সৌভ্রাতৃত্ব, ন্যায় ও স্বাধীনতা সুনিশ্চিত করার অঙ্গীকার নিয়ে ভারত একটি সার্বভৌম, গণতান্ত্রিক প্রজাতন্ত্র হিসেবে আত্মপ্রকাশ করে।

এই শুভ দিনে আমি সশস্ত্র বাহিনী, রাজ্য ও কেন্দ্রীয় আধা সামরিক বাহিনীর জওয়ানদের বিশেষভাবে কৃতজ্ঞতা জানাচ্ছি। তারা আমাদের দেশের ভূমি, সমুদ্র ও আকাশ সীমানায় প্রহরারত রয়েছেন এবং অভ্যন্তরীণ নিরাপত্তার ক্ষেত্রেও একনিষ্ঠ ও একাগ্রতার সাথে কাজ করে চলেছেন।

দেশের সমস্ত প্রান্তের উন্নয়ন হলেই ভারতের উন্নয়ন সম্ভব হবে। ভারত সরকার দেশের অন্যান্য প্রান্তের সাথে ত্রিপুরা সহ উত্তর-পূর্বাঞ্চলের দ্রুত প্রগতি ও উন্নয়নের প্রতি বিশেষ গুরুত্ব দিচ্ছে।

এই বিশেষ দিনে সমাজের সকল অংশের মধ্যে শান্তি ও সৌভ্রাতৃত্বের পরিবেশ গড়ে তুলে এক সমৃদ্ধ ও উজ্জ্বল রাজ্য গড়ে তুলতে হাতে হাত ধরে কাজ করতে হবে।’

\*\*\*\*\*